

### চবিতে ভর্তি পরীক্ষার সংশোধিত ফলাফল প্রকাশিত

#### ■ চট্টগ্রাম অফিস

২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের ১ম বর্ষ  
অনার্স (সম্মান) শ্রেণির বি-১  
ইউনিটের (বাংলা, ইংরেজি,  
ইতিহাস, দর্শন, ইসলামের  
ইতিহাস ও সংস্কৃতি, ফারসি ভাষা  
'ও সাহিত্যের লিখিত ভর্তি পরীক্ষার  
সংশোধিত মেধা ভিত্তিক ফলাফল  
প্রকাশ করা হয়েছে।

গতকাল সোমবার এক প্রেস  
বিজ্ঞপ্তিতে বলা হয়েছে প্রকাশিত  
ফলাফলের ভিত্তিতে বিষয়  
নির্ধারণকল্পে ভর্তিচ্ছু প্রার্থীদের  
সাক্ষাৎকার আগামী ২৬ ও ২৮  
নভেম্বর সকাল ১০টায় কলা ও  
মানববিদ্যা অনুষদে অনুষ্ঠিত  
হবে। এ সময় প্রবেশপত্র,  
এসএসসি ও এইচএসসি/  
সমমানের পরীক্ষার মূল মার্কশীট  
ও এইচএসসি পরীক্ষার  
রেজিস্ট্রেশন কার্ডসহ প্রয়োজনীয়  
কাগজপত্র সঙ্গে আনতে হবে।  
উত্তীর্ণদের তালিকা থেকে  
মেধাক্রম অনুসারে নির্ধারিত  
আসন পূরণ হয়ে গেলে বাকি  
প্রার্থীরা ক্রমান্বয়ে অপেক্ষমাণ  
তালিকায় স্থান পাবে।